



ভোটের প্রস্তুতিতে প্রধান উপদেষ্টার নির্দেশনায় সম্মুখ বিএনপি: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ নির্বাচন ঘিরে চলমান প্রক্রিয়ায় অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস যে সময়সীমা ও প্রস্তুতির নির্দেশনা দিয়েছেন, তাতে সন্তোষ প্রকাশ করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। দলটির মতে, জনগণ একটি নির্বাচিত সরকার দেখতে চায়, আর সে লক্ষ্যে সূষ্ঠা ও দ্রুত নির্বাচন আয়োজন জরুরি।

বৃহস্পতিবার (১০ জুলাই) জাতীয় প্রেসক্লাবে ফেডারেল সাংবাদিক ইউনিয়নের একাংশ আয়োজিত এক আলোচনা সভায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ প্রতিক্রিয়া জানান।

তিনি বলেন, "মানুষ চায় একটি দ্রুত নির্বাচিত সংসদ। নির্বাচন কমিশন যদি প্রস্তুতি সম্পন্ন করে, আমরা আশাবাদী—ভোট দ্রুতই অনুষ্ঠিত হবে।" এ সময় তিনি জানান, জুলাই ঘোষণাপত্র নিয়ে বিএনপির চূড়ান্ত মতামত ইতোমধ্যে সরকারের কাছে পাঠানো হয়েছে।

আলোচনার একপর্যায়ে মির্জা ফখরুল অতীতের প্রসঙ্গ টেনে বলেন, “জিয়াউর রহমান একদলীয় শাসনব্যবস্থার অবসান ঘটিয়ে বহুদলীয় গণতন্ত্র চালু করেছিলেন। সংবাদমাধ্যমকে স্বাধীন করেছিলেন। পরে খালেদা জিয়া তত্ত্বাবধায়ক সরকারের বিধান সংবিধানে যুক্ত করেছিলেন।”

তিনি অভিযোগ করেন, “আজ কেউ কেউ বলছেন বিএনপি নাকি সংস্কারে বাধা দিচ্ছে—এটা সত্য নয়।” এ বিষয়ে ব্যাখ্যা দিতে গিয়ে তিনি জানান, বিএনপি অধিকাংশ সংস্কার প্রস্তাবেই একমত হলেও কিছু মৌলিক বিষয়ে ভিন্নমত রয়েছে। তবে সেগুলোর চূড়ান্ত সিদ্ধান্ত ভবিষ্যৎ সংসদে নেওয়া হবে বলে দলের পক্ষ থেকে মত জানানো হয়েছে।